# বিভাগীয় মাসিক সভার কার্যবিবরণী

স্থান ঃ উপপরিচালকের কার্যালয়, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।
তারিখ ঃ ২০/০৯/২০২৩ খ্রি.
সময় ঃ দুপুর ১২.০০ টা
উপস্থিতি ঃ হাজিরা খাতায় সংরক্ষিত।
সভাপতি ঃ মোঃ সিরাজুল ইসলাম, উপপরিচালক, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং জেলা প্রশিক্ষণ অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। জেলা প্রশিক্ষণ অফিসার গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন অসঙ্গতি না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় আলোচিত এজেন্ডা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরুপ ঃ

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১ | ওয়েব পোর্টাল হালনাগাদ করণ এবং ই-নথি চালু করণ | জেলাসহ প্রতিটি উপজেলায় ওয়েব পোর্টাল হালনাগাদ করণ ও ই-নথি চালু করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে ও ই-নথি চালু করতে হবে। | ডিডি,ডিএই ও ইউএও , উপজেলা (সকল) |
| ২ | সমলয়সহ প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি /AWD স্থাপন ও খামারী অ্যাপের মাধ্যমে সার ও কীটনাশকের ব্যবহারের সমলয় প্রদর্শনী | সমলয়সহ প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি /AWD স্থাপন ও খামারী অ্যাপের মাধ্যমে সার ও কীটনাশকের ব্যবহারের সমলয় প্রদর্শনী স্থাপনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। খরিপ-২ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় মাসকলাই আবাদ বৃদ্ধির জন্য ৮০০ জন এবং গ্রীষ্মকালীন পেঁয়াজের আবাদ বৃদ্ধির জন্য ৫০০জন কৃষককে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদান করা হয়েছে। এ সমস্ত কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য উপপরিচালক মহোদয় সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ১। AWD স্থাপন ও খামারী অ্যাপের মাধ্যমে সার ও কীটনাশকের ব্যবহারের সমলয় প্রদর্শনী স্থাপনের জন্য ঠাকুরগাঁও সদর উপজেলাকে নির্বাচন করা হয়।<br>২। গ্রীষ্মকালীন পেঁয়াজের মাঠ পর্যায়ে মনিটরিং জোরদারকরণ করতে হবে।<br>৩। সকল প্রণোদনা কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | ইউএও , এইও,এসএএ ও সংশ্লিষ্ট উপজেলা |
| ৩ | বিভিন্ন প্রকল্প/রাজস্ব খাত / প্রণোদনার আওতায় প্রদর্শনী ও মাঠ দিবসের বাস্তবায়ন অগ্রগতি | বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রকল্পের গাইডলাইন অনুযায়ী প্রদর্শনী সমুহের উপকরণ সমূহ সঠিক সময়ে বিতরণ ও বাস্তবায়নের জন্য বলা হয়। | ১। প্রকল্পের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে প্রদর্শনী ও মাঠ দিবস সমূহ বাস্তবায়ন করতে হবে। প্রদর্শনীর সাইনবোর্ডে সঠিক জাত উল্লেখ করে যথা নিয়মে স্থাপন করতে হবে<br>২। প্রদর্শনী স্থাপনের পর প্রাথমিক ও কর্তনের পর চূড়ান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে জেলায় প্রেরণ করতে হবে। | ইউএও , এইও,এসএএ ও সংশ্লিষ্ট উপজেলা |
| ৪ | রবি মৌসুমে বিভিন্ন ফসলের পরিকল্পনা | অতিরিক্ত উপপরিচালক (শস্য) জানান ঠাকুরগাঁও জেলার ২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে বিভিন্ন ফসলের লক্ষ্যমাত্রা বোরো-৬২০৮১ হে., গম-৩৬৬৫৭হে., আলু-২৫৫৮৫হে., সরিষা-২৫০৫৫ হে., ভুট্টা-৩৭৪৮০হে., শাকসবজি-৭৪০০হে., মরিচ-১৭১৭ হে., পেঁয়াজ ৮৮৯ হে., রসুন ৩৪৫ হে., মিষ্টি আলু-১১৮হে., মুগ ১৪ হে. এবং চিনাবাদাম ১৬৯ হে. । লক্ষ্যমাত্রার বিপরীতে ব্লক ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে। ব্লক ও উপজেলা পরিকল্পনায় কার্যক্রম বাস্তবায়নের রোডম্যাপ ও কৌশল, ঝুকিঁ ও ঝুঁকি নিরসনের কৌশল থাকতে হবে। ব্লক পরিকল্পনা ব্লকে সংরক্ষণ করতে হবে। লক্ষ্যমাত্রা মোতাবেক কার্যক্রম বাস্তবায়নে সকলের সহযোগিতার বিষয়ে আলোচনা হয়। | ১। ব্লক ও উপজেলা পরিকল্পনা ১৫ অক্টোবর/২০২৩ এর মধ্যে জেলায় প্রেরণ করতে হবে।<br>২। কর্মপরিকল্পনা ভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>৩। বীজ ডিলারগণ ও প্রাইভেট বীজ কোম্পানীগুলো হাইব্রিড বীজ মজুতের বিষয়ে ব্যবস্থা নিবেন।<br>৪। উচ্চফলনশীল জাত যেমন- ব্রি ধান-৭৪, ব্রি ধান-৮৪, ব্রি ধান-৮৮, ব্রি ধান-৮৯, ব্রি ধান-৯২, ব্রি ধান-৯৬ ও বঙ্গবন্ধু ধান-১০০ এর বীজ সহজলভ্য করার বিষয়ে বিএডিসি বীজ ডিলারগণ ব্যবস্থা নিবেন।<br>৫। অন্যান্য ফসলের বীজের সহজলভ্যতার বিষয়ে বিএডিসি / বিএডিসি বীজ ডিলারগণ/প্রাইভেট কোম্পানীর বীজ ডিলারগণ ব্যবস্থা নেবেন। | ইউএও , এইও, এসএএও সংশ্লিষ্ট উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | তেল ফসলের উৎপাদন বৃদ্ধি | ২০২৩-২৪ অর্থ বছরে তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য ব্লক ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | ১। ২০২৩-২৪ অর্থ বছরের তেল ফসলের(সরিষা ও চিনাবাদাম) আরোপিত লক্ষ্যমাত্রার বিপরীতে পরিকল্পনা প্রণয়ন পূর্বক(উপজেলা ও ব্লকের) উপজেলায় ও ব্লকে সংরক্ষণ করতে হবে এবং অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।<br>২। মৌসুম শুরুর পুর্বেই তেল ফসলের পরিকল্পনা ব্লক ও উপজেলায় প্রণয়ন পুর্বক জেলায় প্রেরণ করতে হবে ও ব্লকে সংরক্ষণ করতে হবে।<br>৩। সুনির্দিষ্ট কৌশলের বিপরীতে কর্মপরিকল্পনা প্রণয়ন পুর্বক তেল ফসলের আবাদ বৃদ্ধি করতে হবে। | ইউএও , এইও, এসএএও সংশ্লিষ্ট উপজেলা |
| ৬ | ফসলের রোগ পোকা পরিস্থিতি, ও উদ্ভিদ সংরক্ষণ বিষয়ক কার্যক্রম | অতিরিক্ত উপপরিচালক (পিপি) মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসলের রোগ বালাই পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্ট সকলের মাঠ মনিটরিং জোরদার করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। বালাইনাশক লাইসেন্স নিয়মিত হালনাগাদসহ, দোকান মনিটরিং এর ব্যাপারে আলোচনা হয়। | ১। বালাইনাশক ডিলারের লাইসেন্স হালনাগাদ, সাইনবোর্ডসহ অন্যান্য নিয়মমাফিক বিষয়াবলীর মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>২। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হওয়ার ২ মাস আগে আবেদন করতে হবে।<br>৩। ভেজাল রোধে বালাইনাশকের নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। আগামী ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখ জেলায় সকল ব্লকের একযোগে আলোক ফাদ উৎসব করতে হবে। | ইউএও , এইও, এসএপিপিও- সংশ্লিষ্ট উপজেলা |
| ৭ | বিশেষ কার্যক্রমের অগ্রগতি | সভায় অতিরিক্ত পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বিশেষ কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। প্রত্যেক উপজেলায় বিশেষ কার্যক্রম নির্দেশনা মোতাবেক সম্পন্ন করার বিষয়ে সভায় উপপরিচালক মহোদয় গুরুত্ব আরোপ করেন। | ১। অতিরিক্ত পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক বিশেষ কর্মসূচি যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br>২। প্রত্যেকটি ব্লকে ১টি করে গ্রাম বিশেষ কর্মসূচির আওতায় আনতে হবে। | ইউএও , এএও, এইও, এসএএও সংশ্লিষ্ট উপজেলা |
| ৮ | অনাবাদি পতিত জমির ব্যবহার | অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনার বিষয়ে আলোচনা হয়। প্রকল্পের আওতায় পূর্বের বাগান পরিষ্কার পরিচ্ছন্ন করে সবজির বাগান তৈরী এবং নতুন সৃষ্ট বাগানকে চলমান রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>সভায় আবাসন/আশ্রায়ন/গুচ্ছগ্রাম সমূহের বাস্তবায়িত কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। | ১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (প্রতি ইঞ্চি জমির সদ্ব্যবহার) বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। প্রকল্পের আওতায় পূর্বের বাগান পরিষ্কার পরিচ্ছন্ন করে সবজির বাগান তৈরী এবং শস্য বিন্যাস অনুযায়ী বাগান সাজাতে হবে, ৫ বেডে ৫ রকমের সবজি থাকতে হবে।<br>৩। চলামান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। আগামী সভায় চলমান কার্যক্রমের প্রমাণক উপস্থাপন করতে হবে। | ইউএও সংশ্লিষ্ট উপজেলা |
| ৯ | রাসায়নিক সার মজুদ, সরবরাহ পরিস্থিতি ও মনিটরিং | বিভিন্ন রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সভায় উপস্থাপন করা হয়। | ১। রাসায়নিক সার মনিটরিং জোরদার করতে হবে।<br>২। সকল প্রকার তরল সারের মজুদ, বাজারজাতকরণ ও বিতরণ বন্ধের নির্দেশনা বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।<br>৩। ভেজাল প্রমানিত সারের মজুত ও বিপণনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইউএও , এইও, এসএএও উপজেলা |
| ১০ | শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন এবং কৃষি বাতায়ন ওয়েবসাইট হালাগাদকরণ | শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন এবং কৃষি বাতায়ন ওয়েবসাইট হালাগাদকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। নীতিমালা অনুযায়ী শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>২। কৃষি বাতায়ন ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | ইউএও , এইও, সংশ্লিষ্ট উপজেলা |
| ১১ | আবাসন/আশ্রায়ন/ গুচ্ছগ্রাম সমূহের বাস্তবায়িত কার্যক্রমের অগ্রগতি | সভায় আবাসন/আশ্রায়ন/গুচ্ছগ্রাম সমূহের বাস্তবায়িত কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। প্রত্যেক উপসহকারী কৃষি কর্মকর্তা তার ব্লকের আবাসন/আশ্রায়ন/ গুচ্ছগ্রাম ও আদর্শ গ্রামের তালিকা, ঘরের | ১। আশ্রায়ণ প্রকল্পসহ বসতবাড়ি ও প্রাতিষ্ঠানিক আবাদযোগ্য পতিত জমি ব্যবহারের আওতায় আনতে হবে।<br>২। চলামান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউএও সংশ্লিষ্ট উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হবে। প্রতি সপ্তাহে কতটি বা ন্যূনতম একটি আবাসন/আশ্রায়ন/ গুচ্ছগ্রাম পরিদর্শন করতে হবে এবং কতটি পরিবারকে কী কী বিষয়ে পরামর্শ দেওয়া হলো তা লিখিত আকারে জানাতে হবে। উপজেলা ও জেলা পর্যায়ের কর্মকর্তাগণ মোবাইল মনিটরিং করার বিষয়ে আলোচনা হয়। | ৪। আবাসন/আশ্রায়ন/গুচ্ছগ্রাম/আদর্শগ্রামের নিয়মিত পরিদর্শন ও রিপোর্ট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২ | রেকর্ড-পত্রাদি সংরক্ষণ | ১। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে রাজস্ব কর্মসূচি ও প্রকল্পের আওতাধীন বিভিন্ন কার্যক্রমের তথ্যাদি যথাযথভাবে রেজিস্টারে সংরক্ষন করা প্রয়োজন। একইসাথে ব্লক পর্যায়ের তথ্যাদি একীভূত করে উপজেলার তথ্য নির্দিষ্টকরণ এবং তা জেলায় প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। তথ্য হালনাগাদ রাখা এবং সময়মতো রির্পোটিং এর বিষয়ে তাগিদ প্রদান করা হয়। | ১। রাজস্ব কর্মসূচিসহ প্রকল্প কার্যক্রমের তথ্যাদি যথাযথভাবে সংরক্ষন করতে হবে।<br>২। উপজেলা ও ব্লক পর্যায়ের সাথে সংগতি রেখে জেলায় তথ্য প্রেরণ করতে হবে।<br>৩। উপজেলায় সারের আগমনী রেজিস্টার, প্রদর্শনী রেজিস্টার, দৈনিক প্রতিবেদন রেজিস্টার, এসএএওগণের সাপ্তাহিক প্রতিবেদন রেজিস্টার যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে। | ইউএও, এইও,এসএএ ও সংশ্লিষ্ট উপজেলা |
| ১৩ | বিবিধ | ১। জেলা প্রশিক্ষণ অফিসার এসএএওদের পাক্ষিক প্রশিক্ষণের মডিউল তৈরী ও মডিউল অনুযায়ী প্রশিক্ষণ বাস্তবায়নের বিষয়ে আলোচনা করেন।<br>২। কৃষি তথ্য সার্ভিসের বিভিন্ন মাসের কার্যক্রম সর্ম্পকে সভায় আলোচনা হয়। | ১। যথাসময়ে প্রশিক্ষণ মডিউল তৈরী ও অনুমোদন পুর্বক মডিউল অনুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।<br>২। কৃষি কথার গ্রাহক বাড়াতে হবে এবং এআইসিসি এর কার্যক্রম বাড়াতে হবে।<br>৩। সভার পূর্বের দিন আবশ্যিকভাবে ১২.০০টার মধ্যে প্রতিবেদনসমূহের হার্ডকপি ও সফটকপি অত্রকার্যালয়ে প্রেরণ করতে হবে। | ইউএও, এইও, উপজেলা (সকল), লিয়াজো অফিসার, কৃষি তথ্য সার্ভিস। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


স্বা/
মোঃ সিরাজুল ইসলাম
উপপরিচালক
ফোন: ০২৫৮৯৯৩১৬৩৯
ইমেইল-dddaethakurgaon@gmail.com


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঠাকুরগাঁও

স্মারক নংঃ ১২.১৭.৯৪০০.০৪১.১৪.০৩৯.২২.১৫৯৮ তারিখ ঃ ২৯/০৯/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।
০৩। জেলা প্রশিক্ষণ অফিসার, অত্র দপ্তর।
০৪। অতিরিক্ত উপপরিচালক(শস্য/পিপি), অত্র দপ্তর।
০৫। উপজেলা কৃষি অফিসার, সদর/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রানীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও।

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঠাকুরগাঁও